

# পিতামাতার জন্য তথ্য-সংস্থান:

## DOE পাবলিক স্কুলগুলোতে শিক্ষার্থীদের জন্য ডায়াবেটিস সেবা

DOE-এর যেসব শিক্ষার্থীর ডায়াবেটিস রয়েছে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এবং অফিস অভ স্কুল হেলথ্ (OSH) তাদের সেবা প্রদান করে।

এই সারসংক্ষেপ সম্পর্কিত যেকোনো প্রশ্নের জন্য পিতামাতাগণ তাদের স্কুলের 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন। উল্লেখিতে DOE 504 বিশেষ সুবিধা প্রক্রিয়া সম্পর্কিত আরও বিস্তারিত ব্যাখ্যা রয়েছে:

**504 বিশেষ ব্যবস্থা:**

- শিক্ষার্থী ও পরিবারের জন্য গাইড: https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/504-accommodations-student-and-family-guide
- চ্যান্সেলরের প্রবিধান A-710: https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-710.

### ডায়াবেটিস সংক্রান্ত আইনি নিষ্পত্তি

2022-2023 শিক্ষা বছরে, DOE পাবলিক স্কুলগুলোতে যেসব শিক্ষার্থীর টাইপ 1 বা টাইপ 2 ডায়াবেটিস আছে তাদের ডায়াবেটিস পরিষেবা উন্নতি করবে এই মর্মে DOE একটি মামলার নিষ্পত্তি করেছে। এই মামলা, M.F., এবং অন্যান্য, বনাম. নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং অন্যান্য, সিভিল নং 18-CV-6109 সম্পর্কিত আরও তথ্যের জন্য https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/staying-healthy/diabetes দেখুন। এই নিষ্পত্তি চুক্তি 15 অগাস্ট, 2026 পর্যন্ত বহাল থাকবে বলে প্রত্যাশিত।

এই তথ্য DOE-এর স্কুলগুলোতে ডায়াবেটিস সংক্রান্ত সেবার প্রয়োজন এমন ডায়াবেটিসযুক্ত সকল শিক্ষার্থী এবং তাদের পিতামাতার জন্য। এই সংক্ষিপ্তসার এবং নিষ্পত্তি চুক্তি যেসব শিক্ষার্থী চার্টার স্কুল, প্রাইভেট স্কুল, অথবা প্রি-স্কুল প্রোগ্রামসমূহে পড়ছে, তাদের জন্য প্রযোজ্য নয়।

## আমার সন্তান স্কুলে থাকাকালে আমি তার জন্য কীভাবে ডায়াবেটিস সেবার অনুরোধ জানাবো?

**নিচে উল্লেখিত 3টি ফর্মের সবগুলো জমা দিন:**

আপনার সন্তানের স্কুল ভবনের স্কুল নার্স/স্বাস্থ্য সংক্রান্ত পেশাজীবীর কাছে:

1. ডায়াবেটিস মেডিকেশন ফর্ম (DMAF) যা আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা পূরণকৃত

আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে:

2. রিকোয়েস্ট ফর 504 অ্যাকোমোডেশন প্যারেন্ট ফর্ম উইথ HIPAA অথরাইজেশন (HIPAA অনুমোদনসহ, শিক্ষার্থীর জন্য সেকশন 504 বিশেষ সুবিধা ব্যবস্থা অনুরোধের পিতামাতার ফর্ম) (আপনার দ্বারা পূরণকৃত); এবং

3. মেডিকেল অ্যাকোমোডেশন্স রিকোয়েস্ট ফর্ম (চিকিৎসাজনিত বিশেষ সুবিধা ব্যবস্থার অনুরোধের ফর্ম), আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা পূরণকৃত।

সকল ফর্ম DOE হেলথ্ সার্ভিসেস্ (https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services) এবং 504 অ্যাকোমডেশনস্-এর (https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/504-accommodations) ওয়েবপেজে পাওয়া যাবে।

ফর্মগুলির জন্য আপনি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরকেও জিজ্ঞেস করতে পারেন।

## আমাকে কে সাহায্য করবে?

- স্কুলের প্রিন্সিপ্যাল এবং প্রশিক্ষিত 504 কোঅর্ডিনেটর আপনাকে সহায়তাদানে প্রস্তুত। তাদের নাম, ইমেইল ঠিকানা, এবং স্কুল ফোন নম্বর স্কুলের উল্লেখিত 'ফাইন্ড এ স্কুল' (একটি স্কুলে খুঁজে নিন) ওয়েবপজে রয়েছে: https://schoolsearch.schools.nyc/.
- স্কুল নার্স, OSH হেলথ্ ডিরেক্টর (https://auth-infohub.nyced.org/docs/default-source/default-document-library/health-director-contacts.pdf) এবং
- সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজারও (212-287-0354, 504Questions@schools.nyc.gov) আপনাকে সহায়তা করতে পারেন।

## আমার সন্তানের ডায়াবেটিস সেবার পরিকল্পনা কোথায় নথিভুক্ত হবে?

আপনার সন্তানের ডায়াবেটিস জনিত সেবার পরিকল্পনা আপনার সন্তানের **DMAF** এবং তার **ডায়াবেটিস 504 পরিকল্পনায়** থাকবে। আপনি এবং যারা আপনার সন্তান সম্পর্কে সজ্ঞাত স্কুল কর্মীবৃন্দ অন্তর্ভুক্ত 504 টিম, ডায়াবেটিস 504 পরিকল্পনাটি তৈরি করেন।

**DMAF**: ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (DMAF) হচ্ছে একটি ঔষধের নির্দেশনা বিষয়ক ফর্ম যেখানে আপনার সন্তানের ডায়াবেটিস জনিত স্বাস্থ্য চাহিদা বর্ণিত থাকে, যেমন কখন হাইপো ও হাইপারগ্লাইসেমিয়া-র চিকিৎসা দিতে হবে, কীভাবে ইনসুলিনের ডোজ নির্ধারণ করতে হবে, এবং কখন গ্লুকাগন দিতে হবে। আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারী এটি পূরণ করেন (যেমন, কোনো ডাক্তার অথবা নার্স প্র্যাকটিশনার অথবা ফিজিশিয়ান অ্যাসিসট্যান্ট), যা আপনার দ্বারা স্বাক্ষরকৃত এবং OSH দ্বারা পর্যালোচনাকৃত। আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারী নির্ধারণ করেন সে রক্তে গ্লুকোজ পর্যবেক্ষণ এবং/অথবা ওষুধ (গ্লুকাগন ছাড়া) গ্রহণে নার্স-নির্ভর, তত্বাবধানকৃত (প্যারাপ্রফেশনাল বা প্রশিক্ষিত স্কুল কর্মী কর্তৃক), অথবা স্বনির্ভর কি না। শুধু স্কুল নার্স, পিতামাতা/পিতামাতার দায়িত্ব পালন করছেন এমন ব্যক্তি, এবং/অথবা শিক্ষার্থী যদি সে স্বাধীন হয়, - সেক্ষেত্রে স্কুল চলাকালে অথবা DOE- এর প্রোগ্রাম এবং কর্মকাণ্ডের সময় ইনসুলিন গ্রহণে অনুমোদিত।

**ডায়াবেটিস 504 পরিকল্পনা:** 504 টিম অবশ্যই DOE-এর ডায়াবেটিস 504 পরিকল্পনার খসড়া নমুনা ব্যবহার করবে যা https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/staying-healthy/diabetes -এ পাওয়া যায়।

পরিকল্পনাটি 504 টিম মিটিংয়ের শেষে সম্পূর্ণ হবে এবং অনুমোদন লাভ করবে, যখন সম্ভব প্রত্যেক স্কুল বছর শেষ হওয়ার আগে পর্যালোচিত এবং নবায়ন করা হবে, অথবা প্রয়োজনবোধে আরও ঘন ঘন।

ডায়াবেটিস 504 পরিকল্পনা আপনার সন্তানের নিরাপদভাবে স্কুলে যোগদান এবং DOE প্রোগ্রাম এবং কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য যেসব ডায়াবেটিস স্বাস্থ্য পরিষেবা এবং বিশেষ সুবিধা লাভ করবে তার বিবরণ দেয়। উদাহরণস্বরূপ:

- স্কুল কর্মীদের ডায়াবেটিস সম্পর্কিত সেবাদান প্রশিক্ষণ।
- রক্তে গ্লুকোজের স্তর পর্যবেক্ষণ (মনিটর) করা এবং রক্তে গ্লুকোজের স্তর কমে বা বেড়ে গেলে যা করতে হবে (যেমন, একজন প্যারাপ্রোফেশনাল কর্তৃক অথবা শিক্ষার্থীর ক্লাসরুমে অন্য কোনো প্রশিক্ষিত স্কুল কর্মী দ্বারা)।
- ফিল্ড ট্রিপ এবং অন্য স্কুল আয়োজিত কর্মকাণ্ডের সময় প্রশিক্ষিত স্কুল কর্মী কর্তৃক ডায়াবেটিস জনিত সেবা প্রদান।
- শিক্ষার্থীর তার ডায়াবেটিস সরঞ্জাম(সমূহ) ব্যবহার এবং দ্রুত পানি, খাবার, অথবা রেস্টরুমে যাবার সুযোগ।
- স্কুল নার্স কর্তৃক অথবা শিক্ষার্থীর নিজে নিজে ইনসুলিন গ্রহণ।
- স্কুল কর্মী কর্তৃক জরুরি পরিস্থিতিতে গ্লুকাগন প্রদান যা করতে তিনি প্রশিক্ষিত অথবা কোনো স্কুল নার্স কর্তৃক।
- তার ডায়াবেটিস 504 পরিকল্পনায় যেভাবে বর্ণিত সেই অনুযায়ী আপনার সাথে যোগাযোগের অনুমতি।

যদি আপনার সন্তান DMAF-যুক্ত হয় এবং কোনো **ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP)**-এর মাধ্যমে স্পেশাল এডুকেশন লাভ করে অথবা তাকে যদি IEP-এর জন্য মূল্যায়ন করা হয়, তবে তার IEP ছাড়াও, ডায়াবেটিস জনিত বিশেষ সুবিধাসমূহ লিপিবদ্ধ রাখতে তার অবশ্যই একটি পৃথক ডায়াবেটিস 504 পরিকল্পনা থাকতে হবে।

**504 টিম:** 504 টিম হচ্ছে এমন একটি টিম যা স্কুলে এমন কিছু ব্যক্তি নিয়ে গঠিত যারা আপনার সন্তানকে এবং তার শিক্ষায়তনিক এবং ডায়াবেটিস-সম্পর্কিত চাহিদা সম্পর্কে জানে। স্বাস্থ্য পরিষেবার অনুরোধের ক্ষেত্রে স্কুল নার্স, কিংবা OSH-এর কোনো সদস্যকে (যেমন, বরো নার্সিং ডিরেক্টর, নার্সিং সুপারভাইজার, ডায়াবেটিস টিম সদস্য, স্বাস্থ্য সেবা প্রদানকারী) অবশ্যই 504 টিম-এর একজন সদস্য হতে হবে। এই টিম-এ, পিতামাতা হিসেবে, আপনি ও অন্তর্ভুক্ত। এই টিম যে মিটিংয়ে মিলিত হবে তা 504 টিম মিটিং নামে পরিচিত এবং স্কুলে শিক্ষার্থীর কী কী চাহিদা আছে সেগুলি মূল্যায়ন এবং সিদ্ধান্ত গ্রহণে একযোগে কাজ করবে, যেন সেসব চাহিদা পূরণ হয়।

## *স্কুলে আমার সন্তানের ডায়াবেটিস সেবা লাভ শুরু হতে কতটা সময় লাগবে?*

**স্কুল মিটিংসমূহ:** যদি আপনার সন্তান ইতোমধ্যে ডায়াবেটিস জনিত সেবা লাভ করে, 504 কোঅর্ডিনেটর আগামী শিক্ষা বছরে ডায়াবেটিস জনিত সেবা প্রদান বিষয়ে আলোচনার জন্য বসন্তে আপনার সাথে যোগাযোগ করবে। আপনার সন্তানের জন্য ডায়াবেটিস জনিত সেবার চাহিদার উপর একটি ডায়াবেটিস 504 পরিকল্পনা যখন সম্ভব ঐ মিটিংয়ে চূড়ান্ত করা হবে, এবং সেটি শিক্ষা বছর শেষ হবার আগেই।

যদি এটি প্রথমবারের মত আপনার সন্তানের ডায়াবেটিস জনিত সেবার চাহিদা হয়, যত শীঘ্রই সম্ভব, এবং আপনি DMAF-এ জমাদানের ***5 স্কুল দিবসের*** মধ্যে, যে পর্যন্ত না একটি ডায়াবেটিস 504 পরিকল্পনা অনুমোদিত হয় যাতে সে দ্রুত স্কুলে যোগ দিতে পারে সেজন্য কীভাবে আপনার সন্তানের ডায়াবেটিস চাহিদা পূরণ করা যায় তা আলোচনা করতে স্কুল আপনার সাথে মিলিত হবে। এসব চাহিদার মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- হাইপোগ্লাইসেমিয়া এবং হাইপারগ্লাইসেমিয়া শনাক্তকরণ এবং কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদান, এবং একজন নার্স যে ব্লাড গ্লুকোজ মনিটর করতে এবং ইনসুলিন দিতে সক্ষম সেবিষয়টি নিশ্চিতকরণ; এবং
- স্কুল দিবসে বিশেষ সুবিধা যেমন খাদ্য খাবার, পানি পান করার, এবং রেস্টরুমে যাবার বিশেষ সুবিধা।

স্কুল আপনার সাথে যে সময়ের মধ্যে যোগাযোগ করবে:
**5**
স্কুল দিবস ☐

504 কোঅর্ডিনেটর বিশেষ সুবিধার জন্য আপনার অনুরোধ পাওয়ার ***5 স্কুল দিবসের মধ্যে*** লিখিতভাবে আপনার সাথে যোগাযোগ করে একটি 504 টিম মিটিংয়ের সময়সূচি তৈরি করবে, যা সাধারণত অনুষ্ঠিত হবে আপনার পূরণকৃত 504 অনুরোধের ফর্মগুলি DOE যখন পাবে সেদিন থেকে ***15 স্কুল দিবসের*** মধ্যে। আপনি এবং 504 টিম-এর অন্যান্য সদস্যগণ যারা আপনার সন্তানকে জানেন (যেমন, আপনার সন্তানের শিক্ষক, এবং স্কুল বা OSH নার্স), তারা এই মিটিংয়ে আপনার সন্তানের ডায়াবেটিস 504 পরিকল্পনা তৈরি করবেন।

**নার্সিং পরিষেবাসমূহ:** যতক্ষণ পর্যন্ত আপনার সন্তানের জমাকৃত DMAF-টি সুস্পষ্ট এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়, স্টাফ স্কুল নার্স **অবিলম্বে** ডায়াবেটিস স্বাস্থ্য পরিষেবা প্রদান করা শুরু করতে পারেন। যদি DMAF সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, অথবা স্টাফ স্কুল নার্সের পরিবর্তে আপনার স্কুলে কোনো অস্থায়ী/বদলি নার্স থাকে, তবে OSH শিক্ষার্থীর DMAF পর্যালোচনা করবে এবং অধিকাংশ ক্ষেত্রে পরবর্তী স্কুল দিবসের মধ্যে সেটি স্কুল নার্সের কাছে ফেরত পাঠাবে। DMAF জমাদানের পর, সেটির অবস্থা হালনাগাদের অনুরোধ জানাতে, OSH DMAF-এর হটলাইনের 718-786-4933 নম্বরে যোগাযোগ করুন।

যার সাথে 504 টিম মিটিং হচ্ছে:
**15**
স্কুল দিবস ☐

সকল নার্স ডায়াবেটিস প্রশিক্ষণ লাভ করেন, এর অন্তর্ভুক্ত আপনার সন্তানের নির্দিষ্ট চাহিদা বিষয়ক প্রশিক্ষণ - যেমন, তার অব্যাহত গ্লুকোজ মনিটর করা অথবা অন্য সরঞ্জাম ব্যবহার।

**প্যারাপ্রফেশন্যাল পরিষেবাসমূহ:** যদি 504 টিম নির্ধারণ করে যে, আপনার সন্তানের ডায়াবেটিস জনিত সেবার জন্য প্যারাপ্রোফেশনাল প্রয়োজন, একজন প্যারাপ্রোফেশনাল তাৎক্ষণিকভাবে শনাক্ত করা এবং অধিকাংশ ক্ষেত্রে ***5 স্কুল দিবসের*** মধ্যে, এবং নিয়োগ দেয়ার ***10 স্কুল দিবসের*** মধ্যে অবশ্যই প্রশিক্ষণ দেয়া হবে।

প্যারাপ্রফেশনালগণ যে সময়ের মধ্যে প্রশিক্ষিত হবে:
**5**
স্কুল দিবস ☐

প্যারাপ্রফেশনালগণ যে সময়ের মধ্যে প্রশিক্ষিত হবে:
**10**
স্কুল দিবস ☐

**প্রশিক্ষিত স্কুল কর্মী:** আপনার সন্তানের জন্য দায়বদ্ধ DOE স্কুল কর্মী- যেমন ক্লাসরুম শিক্ষক, কোচ, DOE ক্লাব অ্যাডাভাইজর - তাদের 504 টিম মিটিংয়ে প্রশিক্ষণের জন্য বেছে নেয়া হয়। বাছাই হয়ে যাওয়ার পর, তারা সম্পূর্ণ করবে: ***10 স্কুল দিবসের*** মধ্যে লেভেল 1 ডায়াবেটিসের প্রাথমিক প্রশিক্ষণ; অথবা ***15 স্কুল দিবসেরমধ্যে*** লেভেল 1 + গ্লুকাগন অথবা লেভেল 2 ডায়াবেটিস প্রশিক্ষণ (এর মধ্যে আছে সশরীরে উপস্থিত থেকে দক্ষতার প্রশিক্ষণ।

DOE-এর লেভেল 1 কর্মী প্রশিক্ষণ যে সময়ের মধ্যে:
**10**
স্কুল দিবস ☐

DOE-এর লেভেল 2 কর্মী প্রশিক্ষণ যে সময়ের মধ্যে:
**15**
স্কুল দিবস ☐

## *আমার সন্তানকে কি তার সকল ডায়াবেটিস জনিত সেবার জন্য নার্সের অফিসে যেতে হবে?*

**না।** আপনার সন্তান যে সেবা পাবে সেটি তাকে যতটা সম্ভব সময় তার সহপাঠীদের সাথে কাটানোর সুযোগ দেবে, যার লক্ষ্য হবে ক্লাসের সময় বাদ পরা এবং অন্য শিক্ষার্থীদের থেকে আলাদা থাকা সীমিত করা।

আপনার সন্তানের ব্যক্তিগত চাহিদা সর্বোত্তমভাবে পূরণে কোথায় সেবা প্রদান করতে হবে সেটি 504 টিম একসাথে স্থির করে। উদাহরণ হিসেবে, আপনার সন্তান কোথায় ইনসুলিন নেবে সেই স্থানটির সিদ্ধান্ত শিক্ষার্থী-নির্দিষ্ট, এবং এমন কোনো নীতি নেই যা প্রত্যেক শিক্ষার্থীর জন্য মেডিকেল রুম আবশ্যক করে।

রিসোর্সের ঘাটতির কারণে কোনো শিক্ষার্থীকে সেবা প্রদান প্রত্যাখ্যান করা যাবে না যেমন স্কুল নার্স না থাকার কারণে।

## *ডায়াবেটিসের সেবা কি DOE ফিল্ড ট্রিপ এবং DOE আফটার স্কুল কর্মকাণ্ডেও দেয়া হয়?*

**হ্যাঁ।** আপনার সন্তানের ডায়াবেটিস 504 পরিকল্পনাটি DOE ফিল্ড ট্রিপ এবং DOE পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডের সময় (যেমন DOE আফটার স্কুল কর্মকাণ্ড, খেলাধুলা, ক্লাব এবং সমৃদ্ধির প্রোগ্রামসমূহে) সে যে সেবা লাভ করবে, সেটি ব্যাখ্যা করে। উদাহরণ হিসেবে, এর অন্তর্ভুক্ত হতে পারে একজন ট্রিপ নার্স (নার্স

নির্ভর শিক্ষার্থীদের জন্য) অথবা প্রশিক্ষণপ্রাপ্ত স্কুল নার্স (তত্ত্বাবধানে আছে এমন অথবা স্বাধীন শিক্ষার্থীদের জন্য) যিনি রুটিন অথবা জরুরি ডায়াবেটিস সেবা প্রদান করবে।

স্কুল কর্মীগণ আপনাকে ফিল্ড ট্রিপে যোগ দেয়ার জন্য অনুরোধ বা আবশ্যক করবে না। আপনার সন্তানের সাথে ফিল্ড ট্রিপে অথবা অন্য কোনো স্কুল কর্মকাণ্ডে যোগদানের জন্য আপনি অথবা অন্য কোনো প্রাপ্ত বয়স্ক আত্মীয়/বন্ধু বেছে নেওয়া আপনার জন্য আবশ্যিক নয় তবে আপনি সেটি করতে পারেন। যদি একজন নার্স অথবা প্রশিক্ষণপ্রাপ্ত স্কুল কর্মী সদস্য না পাওয়া যায়, এবং আপনিও ট্রিপে অংশগ্রহণ না করেন, তাহলে প্রিন্সিপ্যালকে যখনি সম্ভব ট্রিপটি অবশ্যই স্থগিত করতে, অথবা সেবার ব্যবস্থা না হওয়া পর্যন্ত সর্বশেষ উপায় হিসেবে ট্রিপটি বাতিল করতে হবে।

DOE-এর আফটার স্কুল কর্মকাণ্ডের জন্য, শিক্ষার্থীকে যখন ইনসুলিন প্রদান আবশ্যক হয়, তখন প্রয়োজনবোধে 504 টিম প্রোগ্রামটি চিহ্নিত করার **10 *স্কুল দিবসের*** মধ্যে ইনসুলিন দেবার জন্য একজন নার্স থাকবে। যখনই সম্ভব নির্ধারণের ***5 স্কুল দিবসের*** মধ্যে একজন প্যারাপ্রফেশনাল অথবা অন্য কোনো কর্মী সদস্য বেছে নেয়া হবে, এবং কোনোভাবেই নির্ধারণের ***10 স্কুল দিবসের*** পরে নয়। প্রশিক্ষিত কর্মীর সাথে একজন অতিরিক্ত ব্যাক-আপ কর্মীও থাকবে যাতে প্রাথমিক কর্মীকে না পাওয়া গেলে ব্যাক-আপ কর্মী সে দায়িত্ব পালন করতে পারে।

যদি আপনার সন্তান একটি DOE-বহির্ভূত আফটার স্কুল কর্মসূচিতে থেকে থাকে, তবে কর্মসূচির স্বনির্ভর বৈষম্যহীনতার বাধ্য-বাধকতার অধীনে আপনার সন্তানের ডায়াবেটিস জনিত বিশেষ সুবিধা প্রদানের সক্ষমতা সংক্রান্ত কোনো উদ্বেগ অবহিত করতে আপনি 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

## *পরিবহন সংক্রান্ত বিশেষ সুবিধা কি পাওয়া যাবে?*

পরিবহন সংক্রান্ত বিশেষ সুবিধার বিষয়গুলি যখন ডায়াবেটিস 504 পরিকল্পনা সম্পন্ন করা হয় সেই 504 মিটিংয়ে পর্যালোচিত হয়।

যখন কোনো DMAF-যুক্ত একজন শিক্ষার্থীকে পরিবহন সুবিধা দেয়া হয়, তখন ড্রাইভার (যেকোনো ধরনের বাস) এবং সহকারী (শুধু স্পেশালাইজড্ বাস) লেভেল 1 + গ্লুকাগন প্রশিক্ষণ লাভ করে। ট্রেনিং-এর পরে, শিক্ষার্থীর মৃদু থেকে মাঝারি হাইপোগ্লাইসেমিয়ার উপসর্গ, গুরুতর হাইপোগ্লাইসেমিয়া ও হাইপারগ্লাইসেমিয়ার সাধারণ উপসর্গসমূহ, শিক্ষার্থীর প্রেসক্রাইবড্ গ্লুকাগনের ফর্ম, বাসে থাকা অবস্থায় পিতামাতার দেওয়া গ্লুকাগন, ডায়াবেটিস স্ন্যাক্স, ও পানি শিক্ষার্থীর সাথে কোথায় থাকে (যেমন তাদের ব্যাকপ্যাকের সামনের পকেটে) তা চিহ্নিত করে স্কুল ড্রাইভার ও অ্যাটেনডেন্টকে একটি "দ্রুত পদক্ষেপের গাইড" (কুইক অ্যাকশন গাইড) প্রদান করবে।

আরও তথ্যের জন্য আপনার 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। পরিবহন বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য https://www.schools.nyc.gov/school-life/transportation দেখুন।

